গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭ (অংশ-২)- ৯৫২

তারিখ : ১২ বৈশাখ ১৪৩০ / ২৫ এপ্রিল ২০২৩

প্রাপক ঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় ঃ চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত পরিচালন বাজেট বরাদ্দ হতে ইউপি গ্রামপুলিশদের (দফাদার ও মহল্লাদার) অবসরকালিন ভাতার ৪র্থ কিস্তির অর্থ ছাড়করণ।**

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত পরিচালন বাজেটে গ্রামপুলিশ খাতের আওতায় অবসর বাবদ সহায়তা উপখাতে বরাদ্দকৃত ৮.০০ কোটি (আট কোটি) টাকা হতে ইউপি গ্রামপুলিশদের (দফাদার ও মহল্লাদার) বর্তমান বছরের অবসরকালিন ভাতার সরকারি অংশের ৪র্থ কিস্তি বাবদ ২.০০ কোটি (দুই কোটি) টাকা ছাড়করণে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো। জেলাওয়ারী অর্থ বরাদ্দের পরিমাণ নিম্নে উল্লেখ করা হলো। প্রত্যেক জেলার জন্য মঞ্জুরিকৃত অর্থ উত্তোলনের অথোরিটি সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | বিভাগ | জেলা | বরাদ্দের পরিমাণ | ক্রমিক নং | বিভাগ | জেলা | বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ঢাকা | ১০০০০০ | ৩৩ | রাজশাহী | রাজশাহী | ৩০০০০০ |
| ২ | | নারায়নগঞ্জ | ১০০০০০ | ৩৪ | | সিরাজগঞ্জ | ৪০০০০০ |
| ৩ | | মুন্সিগঞ্জ | ৫০০০০০ | ৩৫ | | চাপাইনবাবগঞ্জ | ১০০০০০ |
| ৪ | | মানিকগঞ্জ | ৩০০০০০ | ৩৬ | | পাবনা | ২০০০০০ |
| ৫ | | নরসিংদী | ৩০০০০০ | ৩৭ | | নাটোর | ৪০০০০০ |
| ৬ | | গাজীপুর | ১০০০০০ | ৩৮ | | বগুড়া | ৩০০০০০ |
| ৭ | | কিশোরগঞ্জ | ৩০০০০০ | ৩৯ | | জয়পুরহাট | ১০০০০০ |
| ৮ | | টাংগাইল | ৯০০০০০ | ৪০ | | নওগাঁ | ১৬০০০০০ |
| ৯ | | ফরিদপুর | ১০০০০০ | ৪১ | রংপুর | রংপুর | ৪০০০০০ |
| ১০ | | মাদারীপুর | ১০০০০০ | ৪২ | | কুড়িগ্রাম | ২০০০০০ |
| ১১ | | রাজবাড়ী | ১০০০০০ | ৪৩ | | পঞ্চগড় | ১০০০০০ |
| ১২ | | শরীয়তপুর | ২০০০০০ | ৪৪ | | দিনাজপুর | ৯০০০০০ |
| ১৩ | | গোপালগঞ্জ | ৪০০০০০ | ৪৫ | | লালমনিরহাট | ১০০০০০ |
| ১৪ | ময়মনসিংহ | ময়মনসিংহ | ৭০০০০০ | ৪৬ | | গাইবান্ধা | ১০০০০০ |
| ১৫ | | নেত্রকোনা | ৬০০০০০ | ৪৭ | | নীলফামারী | ৩০০০০০ |
| ১৬ | | শেরপুর | ১০০০০০ | ৪৮ | | ঠাকুরগাঁও | ৩০০০০০ |
| ১৭ | | জামালপুর | ৩০০০০০ | ৪৯ | খুলনা | খুলনা | ৬০০০০০ |
| ১৮ | চট্টগ্রাম | চট্টগ্রাম | ১৬০০০০০ | ৫০ | | যশোর | ৩০০০০০ |
| ১৯ | | ব্রাহ্মণবাড়িয়া | ৫০০০০০ | ৫১ | | নড়াইল | ২০০০০০ |
| ২০ | | চাঁদপুর | ১০০০০০ | ৫২ | | মেহেরপুর | ১০০০০০ |
| ২১ | | লক্ষীপুর | ১০০০০০ | ৫৩ | | বাগেরহাট | ২০০০০০ |
| ২২ | | নোয়াখালী | ৪০০০০০ | ৫৪ | | চুয়াডাঙ্গা | ১০০০০০ |
| ২৩ | | ফেনী | ৬০০০০০ | ৫৫ | | মাগুরা | ৪০০০০০ |
| ২৪ | | কক্সবাজার | ৩০০০০০ | ৫৬ | | কুষ্টিয়া | ১০০০০০ |

(অ:পৃ:দ্র:)

| ক্রমিক নং | বিভাগ | জেলা | বরাদ্দের পরিমাণ | ক্রমিক নং | বিভাগ | জেলা | বরাদ্দের পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| ২৫ | চট্টগ্রাম | রাঙ্গামাটি | ১০০০০০ | ৫৭ | খুলনা | সাতক্ষীরা | ১০০০০০ |
| ২৬ | | কুমিল্লা | ৩০০০০০ | ৫৮ | | ঝিনাইদহ | ১০০০০০ |
| ২৭ | | খাগড়াছড়ি | ১০০০০০ | ৫৯ | বরিশাল | বরিশাল | ৫০০০০০ |
| ২৮ | | বান্দরবান | ১০০০০০ | ৬০ | | বরগুনা | ১০০০০০ |
| ২৯ | সিলেট | সিলেট | ৩০০০০০ | ৬১ | | পিরোজপুর | ১০০০০০ |
| ৩০ | | হবিগঞ্জ | ৩০০০০০ | ৬২ | | পটুয়াখালী | ৩০০০০০ |
| ৩১ | | মৌলভীবাজার | ২০০০০০ | ৬৩ | | ঝালকাঠি | ১০০০০০ |
| ৩২ | | সুনামগঞ্জ | ৩০০০০০ | ৬৪ | | ভোলা | ৪০০০০০ |
| | | | | | | | মোট = ২,০০,০০,০০০.০০ |

(কথায় : দুই কোটি টাকা মাত্র)

২। জেলা প্রশাসকগণ তাঁদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ট্রেজারি হতে উত্তোলন করে ইউপি গ্রামপুলিশদের (দফাদার ও মহল্লাদার) বকেয়াসহ বর্তমান বছরের অবসরকালিন ভাতার সরকারি অংশ সরাসরি প্রদান করবেন;

৩। **বর্তমান অর্থবছরের (২০২২-২৩) পরিচালন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত নং-১৩৭০১০১/১২০০০১৩০৮/৩৬৩১১০৪ অবসর বাবদ সহায়তা খাত হতে উপরোক্ত ব্যয় নির্বাহ হবে;**

৪। এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করা যাবে না। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

৫। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৬। ছাড়কৃত অর্থ ব্যয়ে জেলা প্রশাসকের সংশ্লিষ্টতা থাকায় অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী জেলাওয়ারী বরাদ্দ Integrated Budget & Accounting System (iBAS++)এ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের ডিডিও কোড নম্বরে **[গ্রামপুলিশ (১৩৭-১৩৭০১-১২০০০১৩০৮-জেলা কোড)]** ডিডিও অথরাইজেশনের মাধ্যমে এন্ট্রি করা হয়েছে;

৭। ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন ২০২৩ এর মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে (অর্থ বিভাগের ২২/০৮/২০২১ তারিখের ৩৩৩নং স্মারকে প্রাপ্ত কোড নং-১-৩৭০১-০০০১-২৬৭১); এবং

৮। উক্ত অর্থ ছাড়করণে অর্থ বিভাগের ১৬/০৪/২০২৩ তারিখের ০৭.১১১.০২০.০১.০০.০১০.২০১২-১৬৬নং স্মারকে সম্মতি রয়েছে।

(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)
উপসচিব
ফোন ঃ ৯৫১৪১৯০
lgup2@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭(অংশ-২)- ২৫২

তারিখ : ১২ বৈশাখ ১৪৩০ / ২৫ এপ্রিল ২০২৩

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ উপসচিব, বাজেট-১১ শাখা)।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক (সকল)।
৪। উপসচিব (বাজেট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। অফিস কপি।

(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)
উপসচিব